# ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ১০৩

## আরবি মূল আয়াত:

يَّتَخَافَتُوۡنَ بَيۡنَهُمۡ اِنۡ لَّبِثۡتُمۡ اِلَّا عَشۡرًا ﴿۱۰۳﴾

## অনুবাদসমূহ:

সেদিন তারা চুপে চুপে নিজদের মধ্যে বলাবলি করবে, 'তোমরা মাত্র দশদিন অবস্থান করেছিলে'। — আল-বায়ান

তারা চুপিসারে নিজেদের মধ্যে বলাবলি করবে যে, (দুনিয়াতে) দশ দিনের বেশি তোমরা অবস্থান করনি। — তাইসিরুল

তারা নিজেদের মধ্যে চুপি চুপি বলাবলি করবেঃ তোমরা মাত্র দশ দিন অবস্থান করেছিলে। — মুজিবুর রহমান

They will murmur among themselves, "You remained not but ten [days in the world]." — Sahih International

১০৩. সেদিন তারা চুপিসারে পরস্পর বলাবলি করবে, তোমরা মাত্র দশদিন অবস্থান করেছিলো।

-

তাফসীরে জাকারিয়া

(১০৩) ওরা নিজেদের মধ্যে চুপি চুপি বলাবলি করবে,[1] 'তোমরা পৃথিবীতে মাত্র দশদিন অবস্থান করেছিলে।'

[1] ভীষণভাবে ভীত-সন্ত্রস্ত হওয়ার কারণে একে অপরের সঙ্গে চুপি চুপি কথা বলবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2451

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন